রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৭, ২০২৫

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড**
**ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ**
**প্রধান কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**ওয়েলফেয়ার প্রাতিষ্ঠানিক সেবা ও পরিষেবা সম্প্রসারণ নীতিমালা, ২০২৫**

**নং ওয়েলফেয়ার টিএসএল/প্রশা/এনজিও সংস্থা/স্বেচ্ছাসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৫.০০.০৬-২৪৮**—সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর নেতৃত্ব ও তত্ত্বাবধানে **ওয়েলফেয়ার প্রাতিষ্ঠানিক সেবা ও পরিষেবা সম্প্রসারণ নীতিমালা, ২০২৫** প্রকাশ ও বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। নীতিমালার কার্যকর বাস্তবায়নে সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর এবং স্থানীয় অফিসসমূহের পাশাপাশি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) অংশীদার হিসেবে সহযোগিতা করছে। দারিদ্র্য বিমোচন, টেকসই উন্নয়ন এবং সামগ্রিক সামাজিক-অর্থনৈতিক অগ্রগতির লক্ষ্যে দেশি-বিদেশি দাতা সংস্থা, বিনিয়োগকারী ও অংশীদারদের সহযোগিতায় এবং লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর সক্রিয় অংশগ্রহণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রকল্পসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১। **প্রতিষ্ঠান ও সংস্থার পরিচিতি।**—ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ (WFB) একটি স্বেচ্ছাসেবী ও বেসরকারি উন্নয়নমূলক সংস্থা (NGO), যা প্রতিষ্ঠালগ্ন থেকেই সমাজের সার্বিক কল্যাণ ও টেকসই উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। সংস্থাটি ২০০২ সালের ০৯ জানুয়ারি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতর থেকে নিবন্ধনপ্রাপ্ত হয়ে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে। পরে ২০০৭ সালের ০৭ মার্চ প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা থেকে নিবন্ধন লাভের মাধ্যমে জাতীয় পর্যায়ে কার্যপরিধি ও কর্মক্ষেত্র সম্প্রসারিত হয়। প্রযুক্তিনির্ভর উন্নয়ন ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২০ সালের ২০ জুলাই প্রতিষ্ঠিত হয় ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (WTSL) যা বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জয়েন্ট স্টক কোম্পানি অ্যান্ড ফার্মস, ঢাকা থেকে নিবন্ধনপ্রাপ্ত একটি সামাজিক ও অর্থনৈতিক প্রতিষ্ঠান। পরবর্তীতে WFB ও WTSL যৌথ উদ্যোগে একটি সমন্বিত কাঠামো গড়ে তোলে, যা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত


মূল্য : টাকা ৮.০০

সংখ্যায় প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে আনুষ্ঠানিক অনুমোদনপ্রাপ্ত। এই সমন্বিত প্ল্যাটফর্ম বর্তমানে সমাজের বিভিন্ন স্তরে উন্নয়ন, কল্যাণ ও প্রযুক্তিনির্ভর সেবা প্রদানে কার্যকর ভূমিকা রাখছে। আমাদের প্রযুক্তি প্ল্যাটফর্ম My Welfare App এবং welfarebd.org এর মাধ্যমে শিক্ষার্থী, কৃষক, উদ্যোক্তা ও জনগণের জন্য সমন্বিত সেবা প্রদান করা হচ্ছে।

২। **লক্ষ্য ও উদ্দেশ্য।**—প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণের মাধ্যমে দেশি ও বৈদেশিক দাতাগোষ্ঠীর দান-অনুদান, বিনিয়োগ অথবা ঋণসহ বিভিন্ন উৎস থেকে সহায়তা গ্রহণ করে সামাজিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, শিক্ষা, স্বাস্থ্য, প্রযুক্তি, মানবাধিকার ও টেকসই উন্নয়ন বিষয়ে কার্যক্রম পরিচালনার মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ গঠন করা।

৩। **ভবিষ্যত পরিকল্পনা।**—আমাদের লক্ষ্য হলো কার্যক্রমকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সম্প্রসারণ করে একটি টেকসই ও আর্থিকভাবে স্বনির্ভর সামাজিক উদ্যোগ গড়ে তোলার মাধ্যমে শিক্ষা, কৃষি, দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং নারী-তরুণদের ক্ষমতায়ন নিশ্চিত করা।

৪। **কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ।**—প্রতিষ্ঠান ও সংস্থার কার্যক্রম বাংলাদেশের সকল প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন, সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় পরিচালিত হবে।

৫। **প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম এবং মেয়াদকাল।**—(১) স্মার্ট এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম (২০২৩-২০৫০), (২) স্মার্ট এগ্রিকালচার প্রোগ্রাম (২০২৩-২০৫০), (৩) কমিউনিটি সোস্যাল সার্ভিসেস (CSS:২০২২-২০৫০), (৪) সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP:২০২২-২০৩৭), (৫) সোস্যাল অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট পলিসি (SEDP:২০২২-২০৪৭), (৬) পর্ভাটি এলিভিয়েশন পলিসি (Muldhan:২০২৩-২০৪৮), (৭) ওয়েলফেয়ার সোশ্যাল বিজনেস (WSB:২০২৩-২০৫০), (৮) ওয়েলফেয়ার সোশ্যাল সার্ভিসেস (WSS:২০২৩-২১০০) এবং (৯) অর্গানাইজেশন ইনক্লুশন কমিউনিটি (OIC:২০২৪-২০৫০)।

৬। **কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সদস্য ফি কাঠামো।**—প্রতিষ্ঠান বা সংস্থার মূল লক্ষ্য অনুযায়ী বিভিন্ন পেশা, বয়স, অবস্থা ও কার্যক্রমভিত্তিক সদস্যদের জন্য কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন কার্যক্রম পরিচালিত হবে। এ লক্ষ্যে, প্রতিটি ক্যাটাগরির সদস্যদের জন্য এককালীন ও অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি এবং বার্ষিক সাবস্ক্রিপশন ফি নির্ধারণ করা হয়েছে। যেমন:

| **ক্রম** | **কমিউনিটি রেজিস্ট্রেশন ক্যাটাগরি** | **কোড নম্বর** | **রেজিস্ট্রেশন ফি** | **সাবস্ক্রিপশন ফি** | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **৫ বছর** | **১০ বছর** | **১৫ বছর** | **২০ বছর** | **২৫ বছর** |
| (১) | Welfare Community Member | WCM | ৫০০/- | ১,০০০/- | ১,৫০০/- | ২,০০০/- | ২,৫০০/- |
| (২) | Welfare Students Community | WSC | ৫০০/- | ১,০০০/- | ১,৫০০/- | ২,০০০/- | ২,৫০০/- |
| (৩) | Welfare Farmer Community | WFC | ৫০০/- | ১,০০০/- | ১,৫০০/- | ২,০০০/- | ২,৫০০/- |
| (৪) | Welfare Entrepreneur Community | WEC | ৫০০/- | ১,৫০০/- | ২,২৫০/- | ৩,০০০/- | ৩,৭৫০/- |

৭। **প্রতিষ্ঠান বা সংস্থার কার্যক্রম সম্প্রসারণ পদ্ধতি ও কমিউনিটি ভিত্তিক সেবা ও সুবিধাসমূহ।**—কমিউনিটি ভিত্তিক ফ্রি সেবা ও পরিষেবা কার্যক্রম সর্বোচ্চ ২৫ বছর মেয়াদে পরিচালিত হবে। এই সময়সীমার মধ্যে কমিউনিটির যেকোনো সদস্য ৫ থেকে ২৫ বছরের যেকোনো মেয়াদ বেছে নিয়ে My Welfare App বা welfarebd.org এর মাধ্যমে নির্ধারিত এককালীন, অফেরতযোগ্য নিবন্ধন ফি প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবে। নিবন্ধন সম্পন্ন হলে এবং বরাদ্দ প্রাপ্তির ভিত্তিতে সদস্যরা পর্যায়ক্রমে বিভিন্ন কমিউনিটি সুবিধা, সেবা ও অধিকারভুক্ত হবে। এসব সুবিধা সংশ্লিষ্ট নীতিমালা, নির্দেশিকা ও শর্তাবলির অধীনে প্রদান করা হবে।

(১) **ওয়েলফেয়ার কমিউনিটি মেম্বার (WCM)**।—প্রকল্পের নির্ধারিত মেয়াদকালীন সময়ের জন্য এককালীন, অফেরতযোগ্য নিবন্ধন ফি প্রদান সাপেক্ষে CSS প্রোগ্রামের আওতায় নিবন্ধনকারী সদস্য রেজিস্ট্রেশনের কার্যকারিতা বজায় থাকাকালীন প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে নিম্নোক্ত শ্রেণিভুক্ত সুবিধা ও অধিকারসমূহের আওতাভুক্ত হবে। যথা: ১) হতদরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, ২) হতদরিদ্রদের গৃহ নির্মাণে সহায়তা, ৩) শীতবস্ত্র বিতরণ, ৪) অগ্নিদুর্গতদের সহায়তা, ৫) হুইল চেয়ার প্রদান, ৬) হতদরিদ্র সদস্যদের খাদ্য সামগ্রী ও জরুরি ত্রাণ সহায়তা, ৭) পুষ্টি সচেতনতা ও টিকাদান কার্যক্রম, ৮) বৃক্ষরোপণ ও পরিবেশ সংরক্ষণ কর্মসূচি পরিচালনা করা, ৯) জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও সচেতনতা কার্যক্রম পরিচালনা করা এবং ১০) বর্জ্য ব্যবস্থাপনা ও পুনর্ব্যবহার (Recycling) উদ্যোগ গ্রহণ করা।

(২) **ওয়েলফেয়ার স্টুডেন্টস কমিউনিটি (WSC)**।—প্রকল্পের নির্ধারিত মেয়াদকালীন সময়ের জন্য এককালীন, অফেরতযোগ্য নিবন্ধন ফি প্রদান সাপেক্ষে স্মার্ট এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামের আওতায় নিবন্ধনকারী সদস্য রেজিস্ট্রেশনের কার্যকারিতা বজায় থাকাকালীন প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে নিম্নোক্ত শ্রেণিভুক্ত সুবিধা ও অধিকারসমূহের আওতাভুক্ত হবে। যথা:

(ক) **প্রাথমিক স্তর (১ম-৫ম শ্রেণি), যথা:** ১) বই, খাতা, ব্যাগ ও ইউনিফর্ম, ২) লাঞ্চ প্রোগ্রাম বা খাদ্য সহায়তা, ৩) চক্ষু পরীক্ষা ও চিকিৎসা সেবা, ৪) শিশু মনোবিজ্ঞানভিত্তিক কাউন্সেলিং প্রদান করা, ৫) পিতা-মাতার জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান এবং ৬) বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা ও টিকা কার্যক্রম পরিচালনা করা।

(খ) **মাধ্যমিক স্তর (৬ষ্ঠ-১০ম শ্রেণি), যথা:** ১) ডিজিটাল কোর্স পরিচালনা করা, ২) সৃজনশীলতা ও সহপাঠ কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ, ৩) স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সেশন আয়োজন করা, ৪) টিনএজ কাউন্সেলিং ও মানসিক স্বাস্থ্য সহায়তামূলক প্রশিক্ষণ প্রদান করা এবং ৫) অভিভাবকদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা।

(গ) **উচ্চ মাধ্যমিক (১১-১২তম), যথা:** ১) ক্যারিয়ার কাউন্সেলিং ও স্কিল ডেভেলপমেন্ট কর্মশালার আয়োজন করা, ২) ফ্রি অনলাইন লাইব্রেরি ও কনটেন্ট এক্সেস প্রদানে সহায়তা করা, ৩) স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সেশন আয়োজন করা এবং ৪) ইন্টার্নশিপ প্লেসমেন্ট সহায়তা করা (NGO বা Corporate)।

(ঘ) **উচ্চশিক্ষা (ডিগ্রী, স্নাতক, স্নাতকোত্তর), যথা:** ১) উচ্চশিক্ষা ও বিদেশে পড়ার গাইডলাইন ও সাপোর্ট প্রদানে সহায়তা করা, ২) ফ্রিল্যান্সিং, ডাটা অ্যানালাইসিস, প্রোগ্রামিং ট্রেনিং আয়োজন করা, ৩) ক্যারিয়ার গাইডেন্স, সিভি-বিল্ডিং ও জব ইন্টারভিউ প্র্যাকটিস আয়োজন করা এবং ৪) বিজনেস আইডিয়া ও স্টার্টআপ ইনকিউবেশন সাপোর্ট প্রদান করা।

(ঙ) **অভিভাবকদের জন্য (সকল স্তরে), যথা:** ১) স্কুলে অংশগ্রহণমূলক অভিভাবক সভা ও ফোরাম গঠন, ২) সচেতনতা কর্মশালা (Child Rights, Digital Safety), ৩) ফ্রি আইনি পরামর্শ সেবা প্রদান করা (বাল্যবিবাহ, নির্যাতন, শিশু অধিকার ইত্যাদি) এবং ৪) মা-বাবার জন্য ডিজিটাল শিক্ষা ও প্রযুক্তি ব্যবহারের কর্মশালা আয়োজন করা।

(৩) **ওয়েলফেয়ার ফার্মার কমিউনিটি (WFC)**।—প্রকল্পের নির্ধারিত মেয়াদকালীন সময়ের জন্য এককালীন, অফেরতযোগ্য নিবন্ধন ফি প্রদান সাপেক্ষে স্মার্ট এগ্রিকালচার প্রোগ্রামের আওতায় নিবন্ধনকারী সদস্য রেজিস্ট্রেশনের কার্যকারিতা বজায় থাকাকালীন প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে নিম্নোক্ত শ্রেণিভুক্ত সুবিধা ও অধিকারসমূহের আওতাভুক্ত হবে। যথা: ১) ভ্যানগাড়ি প্রদান, ২) নৌকা ও জাল ক্রয়ে সহায়তা, ৩) কৃষক / খামারী সদস্যদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান, ৪) সার, বীজ ও কীটনাশক বিতরণ কার্যক্রম পরিচালনা, ৫) মৎসজীবী সদস্যদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা, ৬) সার/বীজ/পোনা/প্রাণিজ উৎপাদনে আর্থিক বা কারিগরি বা প্রযুক্তিগত সহায়তা প্রদান করা, ৭) শর্ত সাপেক্ষে কৃষি খাতে উপকরণ/

যান্ত্রিকীকরণ সহায়তা প্রদান করা, ৮) বসত বাড়ির আঙ্গীনায় সবজি চাষে আর্থিক বা কারিগরি সহায়তা প্রদান, ৯) উন্নত জাতের গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে প্রশিক্ষণ প্রদান এবং ১০) খাদ্যশস্য (চাল, গম ও ভূট্টা) সংগ্রহ ও বিতরণ করা।

(৪) **ওয়েলফেয়ার এন্ট্রেপ্রেনিউর কমিউনিটি (WEC)।**—প্রকল্পের নির্ধারিত মেয়াদকালীন সময়ের জন্য এককালীন, অফেরতযোগ্য নিবন্ধন ফি প্রদান সাপেক্ষে সোশ্যাল অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট পলিসি (SEDP) ও পভার্টি এলিভিয়েশন পলিসি (Muldhan) প্রোগ্রামের আওতায় নিবন্ধনকারী সদস্য রেজিস্ট্রেশনের কার্যকারিতা বজায় থাকাকালীন প্রকল্পের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে নিম্নোক্ত শ্রেণিভুক্ত সুবিধা ও অধিকারসমূহের আওতাভুক্ত হবে। যথা: ১) ব্যবসা পরিকল্পনা (Business Plan) তৈরি প্রশিক্ষণ, ২) নেতৃত্ব ও ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ৩) মার্কেটিং ও ব্র্যান্ডিং কৌশল, ৪) ডিজিটাল মার্কেটিং ও ই-কমার্স প্রশিক্ষণ, ৫) আর্থিক ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণ, ৬) ব্যবসা সম্প্রসারণের জন্য পরামর্শ প্রদান করা, ৭) অনলাইন মার্কেটপ্লেসে সংযুক্তকরণ, ৮) প্রোডাক্ট প্রমোশন ও প্রদর্শনী সুযোগ তৈরি করা, ৯) ক্রেতা-বিক্রেতা সংযোগ কার্যক্রম স্থাপন করা, ১০) ওয়েবসাইট ও অনলাইন, মোবাইল অ্যাপ, POS, ERP ইত্যাদি টেক সলিউশন, ১১) উদ্যোক্তা ক্লাব বা ফোরাম গঠন করা, ১২) সেমিনার, ওয়ার্কশপ ও মেলা আয়োজন করা এবং ১৩) উদ্যোক্তাদের বিশেষ তহবিল গঠন করা।

৮। **লক্ষ্যমাত্রা উপকারভোগী।**—(১) প্রান্তিক জনগোষ্ঠী, (২) নারী ও কিশোরী, (৩) বেকার যুবক-যুবতী, (৪) শিক্ষার্থী ও অভিভাবক এবং (৫) প্রতিবন্ধী ও বিশেষ চাহিদাসম্পন্ন মানুষ (যদি থাকে)।

৯। **অংশগ্রহণ করার সুযোগ।**—(১) স্বেচ্ছাসেবক হিসেবে যুক্ত হওয়ার সুযোগ, (২) অংশীদার ও স্পন্সর হওয়ার সুযোগ এবং (৩) যৌথ প্রকল্প রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন করার সুযোগ।

১০। **অস্পষ্টতা নিরসন।**—এ নীতিমালার যেকোনো ধারা, উপ-ধারা, কোনো বিধান, উপ-বিধান বা ব্যাখ্যায় অস্পষ্টতা পরিলক্ষিত হলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যাখ্যা, নির্দেশনা বা পরিপত্র বা ওয়েলফেয়ার প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৫ এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য সকল নীতিমালা অনুযায়ী বিষয়টি পরিষ্কারভাবে নিরসন করবে। প্রয়োজনে কর্তৃপক্ষ নীতিমালার ব্যাখ্যামূলক নোট বা নির্দেশনাও জারি করতে পারবে।

১১। **অপ্রাসঙ্গিকতা পরিহার।**—কোনো কর্মকর্তা, কর্মচারী, কর্মী, প্রতিনিধি বা তৃতীয় পক্ষ কর্তৃক প্রতিষ্ঠান বা সংস্থার নাম, প্রতীক, লোগো, সিলমোহর বা অন্যান্য আনুষ্ঠানিক পরিচিতি ব্যবহার করে মিথ্যা, ভুয়া, বিভ্রান্তিকর বা অসত্য তথ্য প্রদানের মাধ্যমে রেজিস্ট্রেশন, দ্বৈত রেজিস্ট্রেশন অথবা প্রতারণামূলক কার্য সম্পাদিত হলে, তার পূর্ণ দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তি বা গোষ্ঠীর উপর বর্তাবে। এ ক্ষেত্রে প্রতিষ্ঠান বা সংস্থা কোনোভাবেই দায়ী বা জবাবদিহিতার মধ্যে আবদ্ধ থাকবে না।

১২। **নীতিমালা সংশোধন ও হালনাগাদকরণ।**—(১) **নীতিমালা সংশোধন:** প্রতিষ্ঠান বা সংস্থার প্রকাশিত এ নীতিমালার যেকোনো ধারা, উপ-ধারা, কোনো বিধান, উপ-বিধান বা ব্যাখ্যায় প্রয়োজন অনুযায়ী সংশোধন বা পরিবর্তন করা যেতে পারে। সংশোধন প্রক্রিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

(২) **নীতিমালা হালনাগাদকরণ:** এ নীতিমালায় প্রয়োজন অনুযায়ী নতুন সংযোজন, বিয়োজন বা একীভূত করাও সম্ভব। হালনাগাদ কার্যক্রম নিয়মিত পর্যালোচনার ভিত্তিতে বাস্তবায়িত হবে, যাতে নীতিমালা সর্বদা প্রাসঙ্গিক ও কার্যকর থাকে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে

**নুর মোহাম্মদ সিদ্দিকী**

চেয়ারম্যান (গ্রেড-১)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd